দৈনিক ইত্তেফাক ১৩৮

তারিখ 01 SEP 1996
পৃঃ ১ কলাম ৮

## গতকাল ঢাকা ভার্সিটিতে ক্লাশ হয় নাই

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ছাত্রদল আহূত অনির্দিষ্টকালের জন্য ছাত্র ধর্মঘটের ফলে গতকাল (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাশ অনুষ্ঠিত হয় নাই। রেজিষ্ট্রার বিল্ডিং, কেন্দ্রীয় লাইব্রেরী ও একাডেমিক ভবনসমূহ বন্ধ ছিল। ক্যাম্পাসে ছাত্র-ছাত্রীদের

(১৫শ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## গতকাল ঢাকা ভার্সিটিতে

(১ম পৃঃ পর)

বিশেষ উপস্থিতি লক্ষ্য করা যায় নাই। মধুর ক্যান্টিনে ছাত্রলীগ (শা-পা) ছাড়া অধিকাংশ ছাত্র সংগঠনের নেতা-কর্মীকে দেখা গিয়াছে।

ধর্মঘটের সমর্থনে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে গতকাল ক্যাম্পাসে মিছিলশেষে অপরাজেয় বাংলার পাদদেশে এক ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে দলের ভারপ্রাপ্ত সভাপতি নাসিরউদ্দিন আহমদ পিন্টু বলেন, ছাত্রলীগের সন্ত্রাসী বহিরাগত মাস্তানরা মুহসীন হল, এফ রহমান হল, শহীদুল্লাহ হল ও ফজলুল হক হল জিম্মি করিয়া গোটা ক্যাম্পাসের শিক্ষা ব্যবস্থা অচল করিয়া দিয়াছে। ছাত্রলীগের সন্ত্রাসীরা গোপালগঞ্জ ও শরীয়তপুর হইতে পেশাদার খুনী ও ডাকাতদের আমদানী করিয়া হল রক্ষার দায়িত্ব দিয়াছে। পিন্টু এ্যানির উপর হামলা ও ইডেন কলেজে সন্ত্রাসের প্রতিবাদ এবং গ্রেফতারকৃত ছাত্রদল নেতা-কর্মীদের মুক্তির দাবী জানান। সমাবেশে দলের সাধারণ সম্পাদক হাবিবুননবী সোহেল বলেন, শেখ হাসিনার মদদপুষ্ট হাজী সেলিমের নেতৃত্বে বোরকা পরিয়া সন্ত্রাসী তরুণরা ইডেন কলেজে বোনদের উপর হামলা করিয়াছে। শেখ হাসিনা শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে কসাইখানা বানাইবার পরিকল্পনা করিতেছেন। সমাবেশে আরও বক্তৃতা করেন ছাত্রনেতা আবদুল খালেক, মোশাররফ হোসেন, মনোয়ার হোসেন রানা, মনির হোসেন ও সাইফুল আলম নিরব। বহিরাগত অস্ত্রবাজদের কবল হইতে ক্যাম্পাস ও হলসমূহ মুক্ত করার দাবীতে ছাত্রমৈত্রী গতকাল ক্যাম্পাস হইতে মিছিল করিয়া জাতীয় প্রেসক্লাবে আসিয়া এক সমাবেশে মিলিত হয়। সমাবেশে মৈত্রীর সভাপতি জিয়াউল হক, জিয়া দিপংকর সাহা প্রমুখ বক্তৃতা করেন।

এদিকে পুলিশ গতকাল দুপুরে মহসীন হলের হাউস টিউটরদের বাসভবনের নিকট হইতে একটি পরিত্যক্ত ইয়ারগান উদ্ধার করে। ছাত্রলীগ কর্মীরা মুহসীন হলের উত্তর পার্শ্বের নেটওয়াল ভাঙ্গিয়া ফেলিয়াছে। সন্ত্রাসীরা এই নেটওয়াল বাহিয়া হলে প্রবেশ করিতে পারে এই আশংকায় উহা ভাঙ্গা হইয়াছে বলিয়া একজন ছাত্রলীগ নেতা জানান।